

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

নিঝুম রাতে।। সুন্দরবনের জঙ্গলে হাওড়ার শুভাঞ্জন দাসের ক্যামেরায়।

## পূর্ণিয়া মোড় থেকে ‘লাইন কন্ট্রোল’

# গবাদিপশু পাচারের করিডর ডালখোলা

**অরুণ ঝা**

**ডালখোলা, ২৭ অক্টোবর :** ইসলামপুর পুলিশ জেলার ডালখোলা এলাকা থেকে ফের গবাদিপশু পাচারের অভিযোগ উঠছে। এই এলাকাটি রীতিমতো করিডরে পরিণত হয়েছে। গোটা ঘটনায় নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। গবাদিপশু পাচারের কারবার কাদের দখলে থাকবে, তা নিয়ে একাধিক ‘গ্যাং’-এর মধ্যে সংঘাত তৈরি হয়েছে।

২৭ নম্বর জাতীয় সড়ক ধরে গবাদিপশু নিয়ে পূর্ণিয়া মোড় এলাকায় আসছে লরি। সেখান থেকে ১২ নম্বর জাতীয় সড়ক ধরে মালদা ও দক্ষিণ দিনাজপুরের হিলিতে চলে যাচ্ছে। পূর্ণিয়া মোড় থেকে ‘লাইন কন্ট্রোল’ করছে বাংলার পাচারকারীরা।

ডালখোলা ফের গবাদিপশু পাচারের করিডরে পরিণত হওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন পুরসভার চেয়ারম্যান স্বদেশ সরকার। তিনি বলেছেন, ‘একসময় এই রুটে গবাদিপশু পাচার চরমে ছিল। কিন্তু পরে তা বন্ধ হয়। কিন্তু নতুন করে পাচারকারীদের সক্রিয়তা চিন্তার বিষয়। পুলিশকর্তাদের পদক্ষেপ করার জন্য বলব।’ ইসলামপুরের পুলিশ সুপার জবি থমাস বিষয়টি তদন্ত করে দেখার আশ্বাস দিয়েছেন।

এই কারবারে যুক্ত একাংশের

**বড় ডিল**

- রোজ ১০-১২টি গবাদিপশুবোঝাই লরি ডালখোলা দিয়ে যাতায়াত করছে
- বিহারের ফারুক নামে এক ব্যক্তির নাম উঠে আসছে
- সে পূর্ণিয়া ও বাইসি থেকে সম্পূর্ণ কারবার নিয়ন্ত্রণ করছে
- ডালখোলায় পূর্ণিয়া মোড় থেকে ‘লাইন কন্ট্রোল’ করছে টন্নু নামে এক ব্যক্তি
- নভেম্বরের প্রথম সপ্তাহে টন্নু এবং ফারুক কারবার বাড়াতে বড় ডিল করবে

সঙ্গে কথা বলে জানা গিয়েছে, বর্তমানে রোজ ১০ থেকে ১২টি গবাদিপশুবোঝাই লরি ডালখোলা দিয়ে যাতায়াত করছে। মূলত সন্ধ্যার পর লরিগুলি দেখা যাচ্ছে রাস্তায়।

বিহারের ফারুক নামে এক ব্যক্তির নাম উঠে আসছে। সে পূর্ণিয়া ও বাইসি থেকে সম্পূর্ণ কারবার নিয়ন্ত্রণ করছে বলে খবর। ডালখোলায় পূর্ণিয়া মোড় থেকে ‘লাইন কন্ট্রোলে’ নাম উঠে আসছে টন্নু নামে এক ব্যক্তির। এমনকি বহরমপুরের পণ্ডিত বলেও একজনের নাম শোনা যাচ্ছে। নির্ভরযোগ্য সূত্র বলছে, আগামী নভেম্বরের প্রথম সপ্তাহে টন্নু এবং ফারুক কারবার বাড়াতে বড় ধরনের ডিল (চুক্তি) করতে চলেছে।

কারবারে যুক্ত এক হ্যান্ডলারের বক্তব্য, ‘এক-একটি গাড়িতে সাত থেকে ১০ লক্ষ টাকার গবাদিপশু পাচার হচ্ছে। গাড়ি প্রতি ২৫ হাজার টাকা বখরার নামে আলাদা করে রাখা হয়।’ যদিও এই বখরা কাদের কাছে পৌঁছায়, তা নিয়ে হ্যান্ডলার মুখ খুলতে চায়নি।

প্রশ্ন উঠছে, পুলিশের নজর এড়িয়ে জাতীয় সড়কে এত মসৃণভাবে গবাদিপশু পাচার কী করে সম্ভব? পুলিশ সুপার বলেন, ‘কে আর কারা এই কারবারে যুক্ত তা গুরুত্ব সহকারে তদন্ত করে দেখব। নজরদারি বাড়িয়ে দেওয়া হবে।’

# বনাঞ্চল ঘেঁষে ক্র্যাশারের দাপট



নকশালবাড়ির টুকরিয়াঝাড় বনাঞ্চল ঘেঁষে বসেছে ক্র্যাশার। -সংবাদচিত্র

**নকশালবাড়ি, ২৭ অক্টোবর :** সংরক্ষিত বনাঞ্চল ঘেঁষে বসানো হয়েছে ক্র্যাশার। এর ফলে একাধারে শব্দ দূষণ হচ্ছে, অপরদিকে বিপাকে বন্যপ্রাণীরা। জঙ্গল ছেড়ে জনবহুল এলাকায় ঢুকে পড়ছে হাতি। সম্প্রতি নকশালবাড়ির টুকরিয়াঝাড় ও কলাবাড়ি বনাঞ্চল লাগোয়া জনবসতিতে বাঁদর এবং হাতির আনাগোনা বেড়েছে। দ্রুত ক্র্যাশার বন্ধ করার দাবি তুলেছে পরিবেশপ্রেমী সংগঠন। জঙ্গল লাগোয়া এলাকায় ক্র্যাশার বন্ধ করতে পদক্ষেপ করা হবে আশ্বাস দিয়েছে কার্সিয়াং বন বিভাগ।

ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের তরফে ওই ক্র্যাশারগুলি বসানো হয়েছিল। এ ব্যাপারে প্রতিক্রিয়া জানতে শিলিগুড়ি মহকুমা ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের আধিকারিক টিনা ডুকপাকে একাধিকবার ফোন করা হলেও তিনি সাড়া দেননি।

বিষয়টি খোঁজ নিয়ে দ্রুত পদক্ষেপ করার আশ্বাস দিয়েছেন নকশালবাড়ির বিডিও প্রণব চট্টরাজ। কার্সিয়াং ডিভিশনের ডিএফও দেবেশ পান্ডে বলেছেন, ‘জঙ্গল ঘেঁষে কীভাবে ক্র্যাশার ইউনিট গড়ে উঠেছে, তা খতিয়ে দেখতে হবে।’

টুকরিয়াঝাড় বনাঞ্চলের পাশে ঢাকনা মৌজা এবং কলাবাড়ি বনাঞ্চলের পাশে রকমজোতে দিনরাত চলছে ক্র্যাশার। এর ফলে পানিট্যাঙ্কি, নকশালবাড়ি, রকমজোতে দিনদুপুরে হাতি বেরিয়ে আসছে। সমস্যায় পড়ছেন সেখানকার বাসিন্দারা। নকশালবাড়ির কোয়ার্টার মোড় সংলগ্ন একটি পেট্রোল পাম্পের পেছনে জঙ্গল ঘেঁষে চালু রয়েছে একটি ক্র্যাশার। নদীঘাট থেকে পাথর এনে ফেলে রাখা হয়েছে সেখানে। সেগুলি বেলা গড়াতেই ডাম্পারে করে বিহারে পাঠিয়ে দেওয়া হচ্ছে।

এদিকে দূষণের ফলে জঙ্গল ছেড়ে লোকালয়ে চলে আসছে হাতি। টুকরিয়াঝাড় বনাঞ্চলের পাশেই বাড়ি পরিবেশপ্রেমী সংগঠন ঐরাবতের কর্ণধার সিকে ছেত্রীর। তিনি বলেন, ‘ক্র্যাশার বন্ধ করার জন্য আমরা একাধিকবার ভূমি দপ্তর, জেলা শাসকের কাছে চিঠি দিয়েছি।

**সমস্যা বন্যপ্রাণীদের**

“ক্র্যাশার বন্ধ করার জন্য আমরা একাধিকবার ভূমি দপ্তর, জেলা শাসকের কাছে চিঠি দিয়েছি। কিন্তু কেউ কোনও পদক্ষেপ করছে না। এই ধরনের মেশিন বসার ফলে জঙ্গলের বাস্তুতন্ত্র ধ্বংসের মুখে। হরিণ, বাঁদর, হাতি, বাইসন জঙ্গলে থাকতে পারছে না। গুটিকয়েক আধিকারিক ও নেতার যোগসাজশে এসব চলছে।

**সিকে ছেত্রী** *কর্ণধার, ঐরাবত*

কিন্তু কেউ কোনও পদক্ষেপ করছে না। এই ধরনের মেশিন বসার ফলে জঙ্গলের বাস্তুতন্ত্র ধ্বংসের মুখে। হরিণ, বাঁদর, হাতি, বাইসন জঙ্গলে থাকতে পারছে না। গুটিকয়েক আধিকারিক ও নেতার যোগসাজশে এসব চলছে।’

# কীটনাশক পান স্বামীর

**ময়নাগুড়ি, ২৭ অক্টোবর :** মহিলার সঙ্গে এলাকার এক তরুণের সম্পর্ক নিয়ে এলাকায় ব্যাপক চর্চা ছিল। ঘটনাটির মীমাংসা করতে একাধিকবার সালিশি সভাও বসে। তা সত্ত্বেও ওই তরুণ নিয়মিতভাবে ওই বধূকে উত্ত্যক্ত করত বলে অভিযোগ। এমনকি, ওই তরুণের পরিবারের তরফে ওই বধূর পরিবারকে বেশ কয়েকবার হুমকি দেওয়ার অভিযোগও রয়েছে। ঘটনার জেরে ওই মহিলার স্বামী মানসিকভাবে বিধ্বস্ত হয়ে পড়েন। তিনি কীটনাশক খান বলে অভিযোগ। শনিবার তিনি জলপাইগুড়ির একটি নার্সিংহোমে মারা যান। ওই মহিলা রবিবার ওই তরুণ ও তার পরিবারের তিন সদস্যের বিরুদ্ধে ময়নাগুড়ি থানায় অভিযোগ জানান। পুলিশ পরে মূল অভিযুক্ত তরুণকে গ্রেপ্তার করে।

ষড়যন্ত্র করে তাকে ফাঁসানোর চেষ্টা চলছে বলে ওই তরুণের দাবি। ময়নাগুড়ি থানার আমগুড়ি এলাকার এই ঘটনাটিকে কেন্দ্র করে ব্যাপক হইচই শুরু হয়েছে। ময়নাগুড়ি থানার আইসি সুবল ঘোষ বললেন, ‘অভিযোগ পাওয়ার পর মূল অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে।’ ঘটনার তদন্ত চলছে বলে তিনি জানিয়েছেন। ওই বধূ ও তরুণ পড়শি। এই সূত্রেই দুই পরিবারে ঘনিষ্ঠতা ছিল বলে পড়শিদের দাবি। ধৃত তরুণ ও তার পরিবারের সদস্যদের কড়া শাস্তির দাবিতে এলাকার বাসিন্দারা সরব হয়েছেন।

# কালীপুজোয় বৈচিত্র্যের মধ্যে ঐক্য সীমান্তে

**খড়িবাড়ি, ২৭ অক্টোবর :** কালীপুজোয় বৈচিত্র্যের মধ্যে ঐক্যের সংস্কৃতি তুলে ধরবে প্রসাদুজোত প্রিন্স ক্লাব। সীমান্তের প্রসাদুজোত, রামধনজোত ও মদনজোত গ্রামের বিভিন্ন সম্প্রদায়ের মানুষকে ঐক্যবদ্ধ করে এবার পুজো অনুষ্ঠিত হবে। ইতিমধ্যেই সাংস্কৃতিক মেলবন্ধনের এই প্রয়াস শুরু করে দিয়েছে প্রিন্স ক্লাব। এবার তাদের পুজো ৫৪তম বর্ষে পদার্পণ করতে চলেছে।

পুজো কমিটির সম্পাদক রবীন্দ্র বর্মন জানালেন, বাগডোগরার শিল্পী তপন পাল এবং পানিট্যাঙ্কির সুধী বর্মনের ভাবনায় রাজস্থানের এক মন্দিরের আদলে তৈরি হচ্ছে মণ্ডপ। থাকছে চন্দননগরের আলোকসজ্জা। প্রতিমাশিল্পী বাতাসির শ্যামল পাল।

ক্লাবের সভাপতি দুলাল রায় বলেন, ‘পানিট্যাঙ্কির তরুণসমাজ ক্রমশ মাদকের নেশায় বুঁদ হয়ে হচ্ছে। তাই এলাকার মানুষকে



প্রসাদুজোত প্রিন্স ক্লাবের মণ্ডপ নির্মাণ। -সংবাদচিত্র

সচেতন করতে ‘ড্রাগের নেশা সর্বনাশা’ শীর্ষক একটি নাটক পরিবেশিত হবে ২ নভেম্বর।

অন্যদিকে, নেপাল সীমান্তের পানিট্যাঙ্কি ট্রাফিক মোড় সংলগ্ন জগৎবন্ধু ইয়ং স্পোর্টিং ক্লাবের পুজো এবার ৩১তম বর্ষে পা দিতে চলেছে। তাদের এবারের থিম ‘মাতৃঋণ’। গর্ভধারণ থেকে শুরু করে সন্তানকে বড় করে তোলার পর্যায়ে এবং তারপরে একজন মাকে কীভাবে অবহেলিত হতে হয় তা ফুটিয়ে তোলা হবে মণ্ডপসজ্জায়।

বিভিন্ন মডেলের মাধ্যমে মণ্ডপ সাজাচ্ছেন শিল্পী গোপাল সূত্রধর। থাকবে অভিনব আলোকসজ্জা। ৩২৭ নম্বর জাতীয় সড়কজুড়ে থাকবে ১২টি তোরণ। পুজো কমিটির যুগ্ম সম্পাদক অভিজিৎ রায় জানান, পুজোকে কেন্দ্র করে সাংস্কৃতিক অনুষ্ঠান করা হবে।

### পর্যটনমন্ত্রকের নির্দেশিকা উড়িয়ে ট্রেকিং

# সস্তার প্রলোভনে পা বাড়ানোই কাল

**সানি সরকার**



**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** ২০১৬-র ফেব্রুয়ারিতে সিংলায় ট্রেকিং অ্যাডভেঞ্চার ক্যাম্পে যোগ দিয়ে প্রাণ খুইয়েছিল ১৫ বছরের এক ছাত্র।

’১৭-র এপ্রিলে সান্দাকফু-ফালুটে ট্রেক করতে গিয়ে আমেরিকার ৬৭ বছরের গ্লেন বার্নার্ড কনওয়ে প্রাণ হারান।

’২৩-এর মে মাসে দার্জিলিংয়ে ট্রেক করার সময় পড়ে গিয়ে মারা যান কালিয়াগঞ্জের তন্ময় কুণ্ডু।

’২৪-এর মে মাসে দার্জিলিংয়ের সিঙ্গালিলা ন্যাশনাল পার্ক থেকে এক মহিলা সহ দুজনের দেহ উদ্ধার হয়। তাঁরাও ট্রেকিং করতে গিয়েছিলেন।

তালিকাটা লম্বা। ফি বছর পাহাড়ে ট্রেক করতে গিয়ে মৃত্যু হচ্ছে বেশ কয়েকজন পর্যটকের। গত শুক্রবার ভোররাতে প্রাণ হারান উত্তর ২৪ পরগনার কাঁচরাপাড়ার বাসিন্দা বিপ্লব বাগচী। ট্রেক শেষ করার পর শ্বাসজনিত সমস্যা শুরু হয় তাঁর। চিকিৎসা শুরু হওয়ার আগেই মৃত্যুর কোলে ঢলে পড়েন তিনি। যথারীতি এই মৃত্যুকে কেন্দ্র করে হইচই শুরু হয়েছে। কয়েকদিন চলবেও। তারপর সমস্ত কিছু পাহাড়-চাপা পড়ে যাবে অতীতের মতো।

বারবার এমন ঘটনা ঘটছে কেন? অ্যাডভেঞ্চার ট্যুরিজম সংক্রান্ত পর্যটনমন্ত্রকের নির্দেশিকা উপেক্ষা করে সস্তার প্রলোভনে পা বাড়ানোই ‘কাল’ হয়ে দাঁড়াচ্ছে পর্যটকদের জন্যে। উত্তরের পর্যটনে ‘মধু’ রয়েছে, এই ধারণা তৈরি হওয়ার সঙ্গে সঙ্গেই পর্যটন ব্যবসায় ঝোঁক বেড়েছে। বেড়েছে প্রতিযোগিতা। কে কত কম ‘রেট’-এ প্যাকেজ ট্যুর দিতে পারে, তা নিয়ে চলছে লড়াই।

প্রশাসনের নজরদারির অভাবে বর্তমানে সমাজমাধ্যমে প্রচারের মধ্য দিয়ে চলছে পর্যটন ব্যবসা। আক্ষেপের বিষয়, সেখানে অ্যাডভেঞ্চার ট্যুরিজমে সরকারি বিধিনিষেধ উপেক্ষিত থাকছে। ফলাফল, পর্যটকদের প্রাণহানি।

**সমস্যা যেখানে**

- ফি বছর পাহাড়ে ট্রেক করতে গিয়ে মৃত্যু হচ্ছে বেশ কয়েকজন পর্যটকের
- ট্রেকিং শুরুর আগে স্বাস্থ্য পরীক্ষা সহ একাধিক নির্দেশ রয়েছে পর্যটনমন্ত্রকের
- সেগুলি মানছে না সিকিম, পশ্চিমবঙ্গের মতো রাজ্য
- কম ‘রেট’-এর প্রলোভন দেখিয়ে পর্যটকদের পাহাড়ে নিয়ে যাওয়া হচ্ছে

ট্রেকিং শুরুর আগে স্বাস্থ্য পরীক্ষা করা, ট্রেকিংয়ের সময় ছোট ধরনের অক্সিজেন সিলিন্ডার সঙ্গে রাখা, প্রয়োজনীয় চিকিৎসা ব্যবস্থা সহ একাধিক নির্দেশিকা রয়েছে পর্যটনমন্ত্রকের। সেটি যে কোনও ক্ষেত্রেই মেনে চলা হয় না, তা স্পষ্ট হয়েছে বিপ্লব যে সংস্থার মাধ্যমে সিকিমে ট্রেক করতে গিয়েছিলেন তাদের বক্তব্যে। ওই সংস্থার পক্ষে ধ্রুবজ্যোতি চট্টোপাধ্যায়ের স্বীকারোক্তি, ‘ট্রেকিং শুরুর আগে আমাদের তরফে স্বাস্থ্য পরীক্ষা করা হয়নি। তবে স্বাস্থ্য সংক্রান্ত সেলফ ডেক্ল্যারেশন নেওয়া হয়েছিল।’ অক্সিজেন সিলিন্ডার যে ছিল না, তা-ও স্বীকার করেছেন তিনি।

পর্যটন ব্যবসায়ীদের একাংশের বক্তব্য, ট্রেকিংয়ে সমস্ত বিধিনিষেধ মেনে চললে প্রতিযোগিতার বাজারে পর্যটক পাওয়া দুষ্কর হয়ে দাঁড়াবে। ধ্রুবজ্যোতি বলছেন, ‘রুট অনুযায়ী রেট নির্ধারিত হয়। ধোত্রের মতো রুটের ক্ষেত্রে সাত-আট হাজার টাকা এবং সান্দাকফু-ফালুটের ক্ষেত্রে ১২ হাজার টাকা। তবে অনেক ক্ষেত্রেই আলোচনার ভিত্তিতে কমবেশি হয়।’

তাৎপর্যপূর্ণ বিষয়, কেন্দ্রের তরফে ট্রেকিং সহ সমস্ত অ্যাডভেঞ্চার ট্যুরিজমের ক্ষেত্রে যে নির্দেশিকা দেওয়া আছে, সেগুলিতে অধিকাংশ ক্ষেত্রে আগ্রহ দেখায়নি সিকিম, পশ্চিমবঙ্গের মতো রাজ্যগুলি। এ রাজ্যের বিভিন্ন পর্যটন কমিটিতে রয়েছেন রাজ বসু। তিনি বলছেন, ‘কেন্দ্র নীতি তৈরি করলেও পরিকাঠামো গড়ে তোলা যায়নি। রেসকিউ টিম পর্যন্ত নেই। সবচেয়ে বড় কথা, পর্যটনমন্ত্রকের অনুমতি নেওয়া বাধ্যতামূলক হলেও, তা না নিয়ে অনেকে পর্যটকদের ট্রেকিংয়ে নিয়ে যাচ্ছেন।’

অ্যাডভেঞ্চার ট্যুর অপারেটর অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ার সদস্য দেবাশিস চক্রবর্তীর কথায়, ‘সচেতনতা বৃদ্ধি না করা গেলে বিপদ আটকানো সম্ভব নয়।’



খেতের কাজ শেষে বাড়ির পথে দম্পতি। ইসলামপুর বাইপাসে রবিবার বিকেলে রাজু দাসের তোলা ছবি।

# দুর্ঘটনা রুখতে ডিভাইডার সংস্কার

**চোপড়া, ২৭ অক্টোবর :** জাতীয় সড়কে ডিভাইডার ভেঙে রাস্তা পারাপারের ব্যবস্থা করা হয়েছিল চোপড়ার বিভিন্ন এলাকায়। এতে দুর্ঘটনার আশঙ্কা বেড়েছিল। এরপর পুলিশের তরফে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে বিষয়টি জানানো হয়। শেষমেশ ডিভাইডারগুলি মেরামত করতে উদ্যোগ নিয়েছে সড়ক কর্তৃপক্ষ। রবিবার দলুয়ায় কাজ শুরু করেছেন আধিকারিকরা।

চোপড়া গ্রাম পঞ্চায়েত প্রধান জিয়ারুল রহমান বলেন, ‘পুলিশের তরফে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে এ ধরনের শর্টকাট রাস্তা বন্ধ করার ব্যাপারে জানানো হয়। পাশাপাশি গ্রাম পঞ্চায়েতকেও চিঠি দিয়েছিল পুলিশ। তারপরেই এদিন থেকে



চোপড়ার দলুয়ায় ডিভাইডার মেরামত চলছে। রবিবার।

কাজ শুরু করেছে সড়ক কর্তৃপক্ষ।’

দলুয়ার বাসিন্দা মহম্মদ রফিক বলেন, ‘জাতীয় সড়কের দু’পাশে গ্রাম রয়েছে। প্রচুর মানুষের বসবাস। দু’পাশেই স্কুল, মাদ্রাসা, মসজিদ রয়েছে। ঘুরপথে যাতায়াত করতে হচ্ছে। সে কারণে হয়তো কেউ এধরনের শর্টকার্ট রাস্তা করেছিল।’ তিনি আরও বলেন, ‘জাতীয় সড়ক কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে যাতে পারাপারের ব্যবস্থা করে দেওয়া যায়।’

“পুলিশের তরফে জাতীয় সড়ক কর্তৃপক্ষকে এ ধরনের শর্টকাট রাস্তা বন্ধ করার ব্যাপারে জানানো হয়। পাশাপাশি গ্রাম পঞ্চায়েতকেও চিঠি দিয়েছিল পুলিশ। তারপরেই এদিন থেকে কাজ শুরু করেছে সড়ক কর্তৃপক্ষ।

**জিয়ারুল রহমান** *প্রধান, চোপড়া গ্রাম পঞ্চায়েত*

এবছর দুর্গাপুজোর সময় দলুয়ায় ডিভাইডারের কাছে দুর্ঘটনায় এক কিশোরীর মৃত্যু হয়। এর আগেও ওই এলাকায় বেশ কয়েকটি দুর্ঘটনা ঘটেছে। চোপড়া থানার ট্রাফিক অফিসার অনির্বাণ ঘোষ বলেন, ‘চোপড়া থানা এলাকায় এ ধরনের ২০টি শর্টকাট রাস্তা রয়েছে। শর্টকাটগুলি বন্ধ করতে এদিন থেকে কাজ শুরু হয়েছে।’ সকলেই চাইছেন পথ দুর্ঘটনা যাতে আর না ঘটে।

## টুকরো খবর

### নিষিদ্ধ বাজি উদ্ধার

**চোপড়া, ২৭ অক্টোবর :** কালীপুজোর আগে নিষিদ্ধ বাজি বিক্রি আটকাতে তৎপর হল চোপড়া থানার পুলিশ। রবিবার সন্ধ্যায় চোপড়া থানার কাঁচাকালী এলাকায় একাধিক দোকানে হানা দিয়ে কয়েক প্যাকেট নিষিদ্ধ বাজি উদ্ধার করা হয়। পুলিশ জানিয়েছে, কোথাও নিষিদ্ধ বাজি মজুত করা হলে দোকান মালিকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। যদিও এদিনের অভিযানে কাউকে গ্রেপ্তার করা হয়নি।

### রক্তদান শিবির ও বসে আঁকো

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** রবিবার ‘রেইনবো আর্ট অফ লাইফ সোসাইটি’র তরফে রক্তদান শিবির ও বসে আঁকো প্রতিযোগিতা আয়োজন করা হয়। শিলিগুড়ির মাল্লাগুড়ি গ্রিন পার্ক আবাসিক সমিতি প্রাঙ্গণে এই কর্মসূচি হয়েছে। শিবিরে ১৪৭ জন রক্তদান করেন। সংগৃহীত রক্ত শিলিগুড়ির একটি বেসরকারি ব্লাড ব্যাংকে পাঠানো হয়। বসে আঁকো প্রতিযোগিতায় চারটি বিভাগে ১২৬ জন অংশ নেয়।

### চা বাগানে বস্ত্র বিলি

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** বাগডোগরা সংলগ্ন মুনি চা বাগানে দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করা হল রবিবার। স্টুডেন্ট হেলথ হোম এবং ওয়েস্টবেঙ্গল অর্থোপেডিক অ্যাসোসিয়েশনের যৌথ উদ্যোগে এই কর্মসূচি হয়। প্রায় ৫০০ জনকে জামাকাপড় দেওয়া হয়েছে।

### হোমে ভবঘুরে

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** গত কয়েকদিন ধরে শিলিগুড়ি সংলগ্ন মেডিকেল মোড়ে এক ভবঘুরে অসুস্থ হয়ে পড়ে ছিলেন। স্থানীয় বাসিন্দা অরুণাভ রায় বিষয়টি লক্ষ করেন। এরপর তিনি দার্জিলিং জেলা লিগ্যাল এইড ফোরামের সহযোগিতা চান। ফোরামের তরফে সেই ভবঘুরেকে উদ্ধার করে প্রশাসনের সহযোগিতায় ঘোষপুকুরের একটি হোমে রাখা হয়েছে।

### বৃক্ষরোপণ

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** স্বেচ্ছাসেবী সংগঠন উত্তরের দিশারির তরফে রবিবার শিলিগুড়িতে বৃক্ষরোপণ এবং পথচলতিদের মধ্যে খাবার বিতরণ করা হল। এদিন সকালে চম্পাসারির শ্রীগুরু বিদ্যামন্দির (প্রাথমিক) বিদ্যালয় প্রাঙ্গণে চারা লাগানো হয়। পাশাপাশি গাছ লাগানোর ব্যাপারে উৎসাহ দেওয়া হয়। দুপুরে শহরের কাছারি রোডে প্রায় ৩৩০ জনের মধ্যে খাবার বিতরণ করেন সংগঠনের সদস্যরা।

### অনুষ্ঠান

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** আগামী ১৫-১৭ নভেম্বর কেন্দ্রীয় স্তরে উত্তরবঙ্গের বিভিন্ন প্রান্তের ৩০ জন গবেষককে পুরস্কৃত করা হবে। সেখানে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রকের প্রতিনিধি সহ বিজ্ঞানী, গবেষকরা উপস্থিত থাকবেন। রবিবার ‘ভারতীয় শিক্ষণ মণ্ডল উত্তরবঙ্গ প্রান্ত’-এর তরফে ‘ভিভিবা-২০২৪ বিকশিত ভারত’ কর্মসূচির অংশ হিসেবে একটি অনুষ্ঠান করা হয় বিদ্যাসাগর কলেজ অফ এডুকেশনের সেমিনার হলে। সেখানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদ্মশ্রী সম্মানপ্রাপক ধনীরাম টোটো।

# পুজোর আয়োজনে বেড়েছে মহিলাদের অংশগ্রহণ

**মিঠুন ভট্টাচার্য**

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** কয়েকদিন আগে দুপুরে ফুলবাড়ি ক্যানাল রোডে কালীপুজোর চাঁদা তুলতে দেখা যায় কয়েকজন তরুণীকে। তাঁদের মধ্যে একজন সুস্মিতা বর্মন জানালেন, প্রতিবারের মতো এবছর ফুলবাড়ি লক্ষ্মীজোতের রাধাগোবিন্দ মন্দির কালীপুজো কমিটির তরফে তাঁরা পুজোর আয়োজন করছেন।

একইভাবে গত কয়েকদিন কালীপুজোর চাঁদা তুলতে বেরোচ্ছেন বকড়াভিটা পুজো কমিটি মহিলাবৃন্দের সদস্যরা। শহরতলির বহু জায়গায় দেখা যাচ্ছে এমন চিত্র। কিন্তু কেন মহিলারাই চাঁদা তুলছেন? লক্ষ্মীজোতের দলটিতে থাকা পম্পা বর্মন বললেন, ‘পুরুষরা প্রায় সকলে কাজে ব্যস্ত। তাই সময়মতো চাঁদা তুলতে বেরোতে পারছেন না তাঁরা।’

ফুলবাড়ির একটি পুজো কমিটির সদস্য অপর্ণা হালদার বলছিলেন, ‘আগে আমাদের পুজোয় পাড়ার তরুণরা প্রধান ভূমিকায় থাকত। কিন্তু বর্তমানে কাজের চাপে অনেকে রাত ন’টা-দশটার আগে বাড়ি ফিরতে পারে না। তুলনায় আমরা মহিলারা অনেকটা অবসর সময় পাই।’ এই অবসর সময়টাই পুজোর কাজে ব্যবহার করছেন সোমা দেবনাথ, শ্যামলী বর্মন, মধুমিতা পাল, শেফালি বর্মনের মতো

**সময়ের অভাব পুরুষদের**



ফুলবাড়ি ক্যানাল রোডে চাঁদা তুলছেন মহিলারা। -সংবাদচিত্র

তরুণীরা। শান্তিনগর, বাড়িভাসা, সাউথ কলোনি, ফুলবাড়ি সহ বিভিন্ন জায়গায় কালীপুজোতে মহিলারাই এগিয়ে আসছেন।

চাঁদা তোলা, পুজোর বাজার করার দায়িত্ব শ্যামলীর ওপর। এভাবে পুজো কমিটিতে অংশ নিতে পেরে ভালোই লাগছে বলে জানিয়েছেন তিনি। পাশে দাঁড়ানো এক তরুণকে দেখিয়ে তিনি বলেন, ‘শুধু আমরা নয়, ওরাও (পুরুষরা) আছে আমাদের সঙ্গে। আমরা এতে নতুন। পাড়ায় গত বছরগুলিতে কে কত চাঁদা দিয়েছে, এবারে কত দিতে পারে সেটার ধারণা ওদের ভালো রয়েছে।’

পুরুষের সংখ্যা কমে যাওয়ার বিষয়টি উপলব্ধি করেছেন রঞ্জিত বর্মন। তাঁর ব্যাখ্যা, ‘এলাকায় প্রচুর নতুন লোকজন এসেছেন। আমরা পুরুষরা দিনের বেশিরভাগ সময়টা বাড়ির বাইরে থাকি। সেই কারণে মহিলারা পুজোর দায়িত্বে থাকলে সুবিধা হবে।’

সাউথ কলোনির বাসিন্দা সন্দীপ মণ্ডলের বক্তব্য, ‘আগে পাড়ার পুরুষরা পুজো বা যে কোনও অনুষ্ঠান পরিচালনা করতেন। কিন্তু বর্তমান প্রজন্মের বেশিরভাগ তরুণের মধ্যে সেই আগ্রহ দেখতে পাওয়া যায় না।’ এই সমস্ত কারণে বর্তমানে বিভিন্ন পুজো কমিটিতে মহিলাদের অংশগ্রহণ বেড়েছে বলে মনে করছেন অনেকে।

# কেন্দ্রীয় হাসপাতাল গড়তে জমির খোঁজ

**সানি সরকার**

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** এইমসের ধাঁচে ফের উত্তরবঙ্গে হাসপাতাল গড়ে তোলার চেষ্টা। ২০২৬ সালে বিধানসভা ভোটকে পাখির চোখ করে এই ইস্যুতে সক্রিয় বিজেপি। রায়গঞ্জের পানিশালিতে জমি না পাওয়া গেলে বা রাজ্য সরকার যদি সহযোগিতা না করে, তবে কেন্দ্রীয় সরকারের জমি ব্যবহারের পথে হাঁটতে পারে কেন্দ্রের শাসকদল। এই বিষয়টি নিয়ে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডার কাছে দরবার চালিয়ে যাচ্ছেন বিজেপির বঙ্গ ব্রিগেডের নেতারা। এদিকে, সূত্রের খবর, নাড্ডা জমি চিহ্নিত করার ব্যাপারে সবুজ সংকেত দিয়েছেন ইতিমধ্যে।

কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের দাবি, 'উত্তরবঙ্গে এইমসের ধাঁচে হাসপাতাল গড়ে তোলার চেষ্টা চলছে। খুব তাড়াতাড়ি এ ব্যাপারে পদক্ষেপ করা হবে।' যদিও এপ্রসঙ্গে মন্তব্য করতে চাননি রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।

ভোট এলে উত্তরের হাওয়ায় ভাসতে শুরু করে এইমসের ধাঁচে হাসপাতালের ইস্যু। তবে তার প্রভাব ভোটের বাক্সে কতটা পড়ে, সে নিয়ে যথেষ্ট প্রশ্ন রয়েছে। দেড় দশক পেরিয়ে এইমসকে নতুন করে হাতিয়ার করতে চাইছে রাজ্যের পদ্ম নেতৃত্ব। উত্তরবঙ্গে ভালো ফল করতে গেলে এইমসের প্রতিশ্রুতি রক্ষা করা যে গেমচেঞ্জারের ভূমিকা নিতে পারে, সে কথা কেন্দ্রীয় নেতাদের বোঝাচ্ছেন বাংলার নেতারা।



**লক্ষ্য বিধানসভা**

- কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ সুকান্তর নেতৃত্বে বঙ্গ বিজেপির প্রতিনিধিদের
- সূত্রের খবর, জমি দেখার নির্দেশ দিয়েছেন নাড্ডা
- পানিশালিতে জমি না পেলে বা রাজ্য সাহায্য না করলে, কেন্দ্রের জমি ব্যবহারের ভাবনা
- রাজ্য বিজেপির সভাপতির দাবি, এব্যাপারে খুব তাড়াতাড়ি পদক্ষেপ

জানা গিয়েছে, সম্প্রতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে বঙ্গ বিজেপির একটি দল কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড্ডার সঙ্গে দেখা করে। তাঁর সামনে বিষয়টি তুলে ধরেন। ওই সময় নাড্ডা জমি দেখার নির্দেশ দেন। দু'বছর আগে শিলিগুড়ি সফরে এসেও এইমস তৈরির প্রতিশ্রুতি দিয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শা। তবে এখনও সেই সংক্রান্ত কাজ শুরু হয়নি। জমিজট থেকেও বড় বাধা হয়ে দাঁড়িয়েছে আইন। একটি রাজ্যে একের বেশি এইমস সম্ভব নয় আইনত। যেহেতু কল্যাণীতে একটি রয়েছে, ফলে উত্তরবঙ্গে আরও একটি তেমন হাসপাতাল গড়ে তোলা যায় না। যদিও বিজেপি নেতৃত্বের দাবি, আইন সংশোধন করা যেতে পারে। তাছাড়া এইমসের পরিবর্তে সেই ধাঁচে অত্যাধুনিক হাসপাতাল গড়ার ক্ষেত্রে আইনি বাধা থাকে না।

২০০৯ সালে উত্তরবঙ্গে এইমস গড়ে তোলার ক্ষেত্রে প্রথম উদ্যোগ নিয়েছিলেন রায়গঞ্জের তৎকালীন সাংসদ প্রিয়রঞ্জন দাশমুন্সী। সেসময়কার কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী গোলাম নবি আজাদ সবুজ সংকেত দেওয়ায় পানিশালিতে জমিও চিহ্নিত করা হয়। কিন্তু দু'বছরের মাথায় রাজ্যের মসনদে পরিবর্তনের পর রায়গঞ্জ থেকে এইমস চলে যায় কল্যাণীতে। যা নিয়ে কংগ্রেস, সিপিএম এবং বিজেপি আন্দোলনের রাস্তায় নামে।

এরপর থেকে প্রতিটি ভোটে বিরোধী দলগুলি এইমস-কে ইস্যু করে তোলে। কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি প্রতিশ্রুতি দিয়ে আসছে। দলের তরফে তাই ফের চেষ্টা শুরু হল। '২৬-এর আগে কেন্দ্রীয় সরকার সেব্যাপারে এবার কোনও পদক্ষেপ করে কি না, সেদিকে তাকিয়ে সব পক্ষ।

# চরণাজোতের শিক্ষাকেন্দ্রে মাদকের আসর

**মহম্মদ হাসিম**

**খড়িবাড়ি, ২৭ অক্টোবর :** দিনদুপুরে শিশুশিক্ষাকেন্দ্রে বসছে মাদকের আসর। খড়িবাড়ি ব্লকের চরণাজোত শিশুশিক্ষাকেন্দ্র হয়ে উঠেছে মাদকাসক্তদের মুক্তাঞ্চল। এর প্রভাব শিশুদের ওপর পড়ছে বলে অভিযোগ স্থানীয়দের।

পানিট্যাঙ্কি থেকে ঢিল ছোড়া দূরত্বে রয়েছে বুড়াগঞ্জ গ্রাম পঞ্চায়েতের এই শিশুশিক্ষাকেন্দ্রটি। চরণাজোত শিশুশিক্ষাকেন্দ্রটি ২০০০ সালে টুকরিয়াঝাড় বনাঞ্চলের মধ্যে গড়ে উঠেছিল। এই কেন্দ্রে বর্তমানে ৬৫ জন পড়ুয়া রয়েছে। কিন্তু অভিযোগ, সীমানা প্রাচীর না থাকায় স্কুল থেকে প্রতিদিন মিড-ডে মিলের সামগ্রী চুরি হচ্ছে। পাশাপাশি জঙ্গল থেকে হাতি এসে ওই স্কুলে হানা দিচ্ছে। দিনরাত মাদকের আসর বসছে। যা নিয়ে অতিষ্ঠ স্কুলের শিক্ষিকা থেকে এলাকার পড়ুয়ারা। স্থানীয় পঙ্কজ দোরজির অভিযোগ, 'পুলিশের কোনও নজরদারি নেই এই এলাকায়। তাই দিনরাত এই স্কুলে বসে চলছে মদ, ড্রাগের আসর। সবকিছু জেনেও পুলিশ চুপ।'

স্থানীয়রা জানান, স্কুলের মিড-ডে মিল শেডে প্রতিদিন মাদকাসক্তরা এসে আড্ডা দেয়। স্কুল বন্ধ হলে অসামাজিক কাজকর্ম বেড়ে যায় এই এলাকায়।

স্কুলের পুরোনো ভবনটির জরাজীর্ণ দশা। স্কুলের টিনগুলিতে মরচে ধরে একেবারে লালচে হয়ে গিয়েছে। বারান্দায় ভেঙে পড়েছে টিনের কাঠে আটকানো শেড। দু'পাশে দুটি নতুন ভবন রয়েছে। একটি মিড-ডে মিলের জন্য এবং অন্যটি পড়ুয়াদের। অথচ মিড-ডে মিলের কিচেন শেডে দিনদুপুরে মাদকের আসর বসতে দেখা গেল।

স্থানীয় লছমি মুর্মু জানান, আশপাশে আর কোনও স্কুল নেই। ডাঙ্গরভিটা প্রাথমিক বিদ্যালয়টি এই স্কুল থেকে দুই-আড়াই কিলোমিটার দূরে রয়েছে। এলাকার একমাত্র স্কুলের এমন পরিবেশ করে রাখা হয়েছে। স্থানীয় জনপ্রতিনিধি, পুলিশ, কেউই কোনও ব্যবস্থা নেয় না। স্কুলের শিক্ষিকা বর্ণশ্রী রায় বলেন, 'আমাদের স্কুলে সীমানা প্রাচীর দেওয়ার জন্য একাধিকবার প্রশাসনকে বলেছি। কিন্তু কেউ কোনও পদক্ষেপ করেনি। এর ফলে স্কুলে ড্রাগ মাফিয়াদের দৌরাত্ম্য লেগেই রয়েছে।'

এর আগে পুলিশকে লিখিত অভিযোগ জানানো হয়েছিল বলে তিনি জানান। খড়িবাড়ির বিডিও দীপ্তি সাউ সমস্ত বিষয় খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন।

## কাওয়াখালিতে পুলিশের নাকের ডগায় অবৈধ কারবার

# নিষিদ্ধ বাজির 'ডিল'

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** বৃহস্পতিবার কালীপুজো ও দীপাবলি উৎসব। হাজার আলোর রোশনাইয়ে ঝলমল করে উঠবে গ্রাম থেকে শহর। পোড়ানো হবে হরেকরকমের বাজি। বাজি থেকে শব্দ ও বায়ু দূষণ রুখতে এসেছে সবুজ বাজি। অন্য জায়গার পাশাপাশি শিলিগুড়ির কাওয়াখালিতেও বসেছে এর বাজার। বাজি বাজারে নিষিদ্ধ শব্দবাজি বিক্রি না হলেও চত্বরের বাইরে তা ক্রেতার কাছে বিক্রির অভিযোগ উঠেছে এক শ্রেণির ব্যবসায়ীর বিরুদ্ধে। যদিও এসবের জন্য সারা বাংলা আতশবাজি উন্নয়ন সমিতি পুলিশ ও প্রশাসনকে দায়ী করেছে। তবে পুলিশ জানিয়েছে, নিষিদ্ধ শব্দবাজির বিরুদ্ধে অভিযান চলছে। শনিবার রাতেও শিলিগুড়ি থানা বেশ কিছু বাজি বাজেয়াপ্ত করেছে। ঘটনায় একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

রবিবার কাওয়াখালির বাজি বাজারে ঢুকতে নজরে পড়ল, দিব্যি কেনাকাটা চলছে। পাশেই রয়েছে পুলিশের একটি ক্যাম্প। নজরদারিও চলছে। কিন্তু সেই নজরদারির আড়ালেই হয়ে যাচ্ছে নিষিদ্ধ শব্দবাজি সরবরাহের 'ডিল'। মৃদুস্বরে চালাচালি হচ্ছে ফোন নম্বরও। পরে ফোনে যোগাযোগ করে বাজি বাজারের বাইরে রাস্তায় বা নির্দিষ্ট কোনও স্থানে ডেকে ওই বাজির হাতবদল হচ্ছে। কয়েকজন ক্রেতা-বিক্রেতার সঙ্গে কথা বলে জানা গেল, অধিকাংশ ক্ষেত্রে কমপক্ষে তিন কার্টন বাজি কেনার কথা বলা হচ্ছে। প্রতি কার্টনে ১২টা করে লংকা বাজির প্যাকেট থাকছে।



*কাওয়াখালির বাজি বাজারে কেনাকাটা। -ফাইল চিত্র*

সারা বাংলা আতশবাজি উন্নয়ন সমিতির সভাপতি সুদীপ্ত ভৌমিক বলছেন, 'আমি এব্যাপারে সকলকে সতর্ক করেছি। কিন্তু খোলাবাজারে দেদার বাজি বিক্রির কারণে আমাদের এখানে সেরকম ব্যবসা হচ্ছে না। ফলে কিছু ব্যবসায়ী ভুল পথে পা বাড়াচ্ছেন। বাজি বাজারে ব্যবসা ভালো জমলেই আর এসব হবে না।' তাঁর দাবি, 'খোলাবাজারে বাজি বিক্রি বন্ধের বিষয়ে প্রশাসনের কাছে একাধিকবার আবেদন জানানো হলেও কোনও পদক্ষেপ করা হচ্ছে না।' যদিও শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ওয়েস্ট) বিশ্বচাঁদ ঠাকুর বলছেন, 'যেখানেই নিষিদ্ধ শব্দবাজি বিক্রির খবর মিলছে, সেখানে অভিযান চালানো হচ্ছে। তা বাজেয়াপ্ত করা হচ্ছে।'

এখন প্রশ্ন উঠছে, কোথা থেকে শহরে ঢুকছে নিষিদ্ধ শব্দবাজি? একটি সূত্র বলছে, পার্শ্ববর্তী বিহারের কিশনগঞ্জ, কাটিহার, ঠাকুরগঞ্জ থেকে শিলিগুড়িতে নিষিদ্ধ বাজি ঢুকছে। লিংকম্যানরা তা শহরে নিয়ে আসছেন। পৌঁছে দিচ্ছেন একশ্রেণির ব্যবসায়ীর কাছে। এভাবেই তা ছড়িয়ে পড়ছে গোটা শহরে। কালীপুজোর আগে বাঘা যতীন কলোনি, শালুগাড়া বাজার, একতিয়াশাল বাজার সহ অলিগলির মুদিখানায় অন্য বাজির পাশাপাশি লুকিয়ে বিক্রি হচ্ছে নিষিদ্ধ বাজি। বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন পরিবেশবিদরা। তবে ডিসিপি (ওয়েস্ট)-র আশ্বাস, 'কোথা থেকে নিষিদ্ধ শব্দবাজি ঢুকছে, সেটা আমরা তদন্ত করে দেখব।'

**কীভাবে চলছে?**

- বাজিবাজারে মৃদুস্বরে চালাচালি হচ্ছে ফোন নম্বর
- পরে যোগাযোগ করে বাজারের বাইরে রাস্তায় বা নির্দিষ্ট স্থানে ডেকে হাতবদল
- অধিকাংশ ক্ষেত্রে কমপক্ষে তিন কার্টন বাজি কেনার কথা বলছেন কারবারিরা
- প্রতি কার্টনে ১২টা করে লংকা বাজির প্যাকেট
- বিহারের কিশনগঞ্জ, কাটিহার, ঠাকুরগঞ্জ থেকে ঢুকছে নিষিদ্ধ বাজি
- লিংকম্যানরা তা শহরে এনে পৌঁছে দিচ্ছেন একশ্রেণির ব্যবসায়ীর কাছে



সাজঘরে শ্যামা।। *ইসলামপুরের থানা কলোনিতে। রবিবার। ছবি : সুদীপ্ত ভৌমিক*

# শ্মশানে বিকল ৫ কোটির বৈদ্যুতিক চুল্লি

**ইসলামপুর, ২৭ অক্টোবর :** ইসলামপুর সতীপুকুরের মানুষ খানিকটা তাচ্ছিল্যের সুরে আজকাল বলেন, 'মরেও শান্তি নেই।' কারণ, প্রশাসনের ভূমিকায় তাঁরা হতাশ আর ক্ষুব্ধ। প্রায় পাঁচ কোটি টাকায় তৈরি বৈদ্যুতিক চুল্লি বিকল হয়ে পড়ে রয়েছে। তাই মৃতদেহ সৎকারের জন্য ভরসা কাঠ। পেশায় শিক্ষিকা শহরের নিউটাউনের বাসিন্দা মমতা মজুমদারের কথায়, 'সরকার কোটি কোটি টাকা খরচ করে বৈদ্যুতিক চুল্লির ব্যবস্থা করেছিল। অথচ সেটা সচল রাখার সদিচ্ছার অভাবে ভোগান্তি বেড়েছে আমাদের। আশা করি, কর্তৃপক্ষ নিশ্চয়ই দ্রুত পদক্ষেপ করবে।'

উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের বরাদ্দে পুরো পরিকাঠামো গড়ে তোলা হয়। উদ্বোধন হয়েছিল বেশ ঘটা করে। দেখভালের দায়িত্ব পড়ে ইসলামপুর পুরসভার ওপর। শহরবাসীর অভিযোগ, চুল্লি নিয়ে পুর কর্তৃপক্ষ উদাসীন। উদ্বোধনের পর থেকে একাধিকবার চুল্লি বিকল হয়েছে। ২০২৩ সালের এপ্রিলে

**ইসলামপুর**

উদ্বোধনের দেড় মাস পর প্রথমবার। যদিও পুর চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল বলছেন, 'সংশ্লিষ্ট দপ্তরের কাছে চুল্লি ঠিক করার প্রস্তাব পাঠানো রয়েছে।' সতীপুকুর শ্মশানঘাটের কর্মী কিরণ বিশ্বাসের গলায় অবশ্য সংশয়। তাঁর কথায়, 'চুল্লির আশা ছেড়ে দিয়েছি। কাঠে সৎকার চলছে। এতে বাড়তি টাকা আর সময় খরচ হয় মানুষের।'

গত এক বছরের বেশি সময় ধরে একটিমাত্র কাঠের চুল্লি সৎকারের জন্য ব্যবহার করা যেত। একসঙ্গে একাধিক মৃতদেহ শ্মশানে এলে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করতে হত শ্মশানযাত্রীদের। পরিস্থিতি বুঝে ইসলামপুর বাজারের এক হোমিওপ্যাথিক চিকিৎসক ব্যক্তিগত উদ্যোগে দ্বিতীয় কাঠের চিতার সংস্কার শুরু করেন। সম্প্রতি সেখানে সৎকার করা হচ্ছে। এতে কিছুটা চিন্তা কমেছে মানুষের।

থানা কলোনির সঞ্চয় পাল বললেন, 'উন্নয়ন দেখে আমরা খুশি হয়েছিলাম। তার যে এমন করুণ পরিণতি হবে, ভাবিনি। বৈদ্যুতিক চুল্লি সচল না হলে ওই পরিকাঠামোর কী হবে?' যদিও কানাইয়ার যুক্তি, 'বৈদ্যুতিক চুল্লি আর সচল হবে না, এই কথা কারা বলছে জানি না। চুল্লি তাড়াতাড়ি সচল করতে আমরা সংশ্লিষ্ট দপ্তরে প্রস্তাব পাঠিয়েছি।'

# নজরে প্রতিমার দৈর্ঘ্য

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** শহর শিলিগুড়িতে কালীপুজো নিয়ে বিভিন্ন উদ্যোক্তা কোমর বেঁধে নেমে পড়েছেন। পুজো উদ্যোক্তাদের সঙ্গে কথা বলে যতদূর জানা গিয়েছে, তাতে এবছর কোনও মণ্ডপে যেমন দেখতে পাওয়া যাবে ২৫ ফুটের তারা মা। আবার কোথাও ২৬ ফুটের বড়মা। কোথাও আবার ১৭ ফুটের বোল্লাকালী।

নৈহাটির বড়মা-র আদলে গতবছর ২৬ ফুটের বড়মা তৈরি করেছিল শিলিগুড়ি মহামায়া স্পোর্টিং ক্লাব। গতবছর হায়দরপাড়ার নিউ পালপাড়ার এই পুজোতে হাজার হাজার মানুষের সমাগম ঘটেছিল। এবছরও তাঁরা ২৬ ফুটের বড়মা তৈরি করছেন। শিলিগুড়ির শিল্পীরা মণ্ডপ ও প্রতিমা তৈরির কাজ করছেন। পুজো উদ্যোক্তারা জানাচ্ছেন, বড়মা-র পুজোকে সাধারণ মানুষ গত বছর অনেক ভালোবাসা দিয়েছিল, তাই এবারও সাধারণ মানুষের জন্যই এই উদ্যোগ।

তারা মায়ের ভক্তদের কথা চিন্তা করে তারাপীঠের তারা মা-র আদলে প্রতিমা তৈরি করছে নেতাজি সুভাষ স্পোর্টিং ক্লাব। এবছর এই পুজো ৫৯তম বর্ষে পদার্পণ করছে। এ বছর এই পুজো কমিটির বিশেষ আকর্ষণ ২৫ ফুটের তারা মা। প্রধাননগরের কাছেই এই পুজো হচ্ছে। শিলিগুড়ির শিল্পীরা মণ্ডপ তৈরির কাজ করছেন। তারা মা-র প্রতিমা তৈরির পাশাপাশি তারাপীঠের একাধিক জায়গা যেমন, বামাখ্যাপার বাড়ি, তারা মা-র মন্দিরের প্রত্যেকটি জায়গার ছবি তুলে ধরা হবে। পুজো উদ্যোক্তা অরুণাভ চক্রবর্তীর কথায়, 'আশা রাখছি ২৫ ফুটের তারা মা প্রত্যেকের নজর কাড়বে।'

বালুরঘাটের বোল্লাকালীর জনপ্রিয়তা অনেকেরই জানা। যাঁরা এই পুজো দেখতে যেতে পারেন না তাঁদের জন্য এবছর বিশেষ নিবেদন দক্ষিণ ভারতনগর স্পোর্টিং ক্লাবের। তারা তৈরি করছে ১৭ ফুটের বোল্লাকালী। পুজো উদ্যোক্তা রাজু পাল বলছেন, 'একদম বালুরঘাটের বোল্লা মা-কেই আমরা আমাদের এখানে তুলে ধরব। আশা করছি দর্শনার্থীদের ভালো লাগবে।'



*দীনবন্ধু মঞ্চে ভাষণ দিচ্ছেন ডাঃ জয়দীপ ভৌমিক। রবিবার।*

# ক্যানসার সচেতনতা

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** সচেতনতার অভাবে ক্যানসারে আক্রান্ত হচ্ছে অনেকে। স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও সুস্থ জীবনযাপনের মাধ্যমে অনেকটাই প্রতিরোধ করা সম্ভব এই মারণ রোগকে। মনীষা নন্দী ক্যানসার ফাউন্ডেশনের নবম প্রতিষ্ঠা দিবসে এসে এমনটাই জানালেন কলকাতা টাটা মেডিকেল সেন্টারের ক্যানসার বিশেষজ্ঞ ডাঃ জয়দীপ ভৌমিক।

রবিবার দীনবন্ধু মঞ্চের রামকিঙ্কর হলে বিভিন্ন ধরনের ক্যানসার নিয়ে উপস্থিত সাধারণ মানুষকে সচেতন করেন বিশেষজ্ঞরা। নিজেদের বিভিন্ন শারীরিক সমস্যার কথা জানানোর পাশাপাশি কীভাবে ক্যানসারের দ্রুত চিহ্নিতকরণ করা সম্ভব তা নিয়ে চিকিৎসকদেরও প্রশ্ন করেন অনেকে। হোপ অ্যান্ড হিল ক্যানসার হাসপাতালের বিশেষজ্ঞ ডাঃ বিশাল মুখোপাধ্যায় ও ডাঃ সুদীপ হালদার এই নিয়ে বিশদে আলোচনা করেন। এছাড়াও এদিন এই অনুষ্ঠানে বসে আঁকো প্রতিযোগিতা ও রক্তদান শিবিরের আয়োজন করা হয়। ফাউন্ডেশনের তরফে মনোজ ভার্মা জানান, শিবির থেকে ৩০ ইউনিট রক্ত সংগ্রহ হয়েছে। উপস্থিত ছিলেন শিলিগুড়ি পুরনিগমের মেয়র গৌতম দেব।

# জল, রাস্তার হাল শোচনীয়

**মহম্মদ হাসিম**

**বাগডোগরা, ২৭ অক্টোবর :** বাগডোগরার একাধিক গুরুত্বপূর্ণ এলাকায় শৌচাগার, পানীয় জল পরিষেবা, আবর্জনা সাফাই এবং রাস্তা সংস্কার নিয়ে স্থানীয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ তুলছেন স্থানীয়রা। ক্ষোভের আগুনে ঘি ঢেলেছে লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতে ফাঁকা থাকা প্রধান পদ।

আপার বাগডোগরা এবং লোয়ার বাগডোগরা, দুই গ্রাম পঞ্চায়েত এলাকায় বাড়ি বাড়ি থেকে আবর্জনা সংগ্রহের বন্দোবস্ত নেই। মুখ্যমন্ত্রীর ঘোষণার পরও এখানে সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্প গড়ে ওঠেনি। গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ এই ইস্যুতে বারবার জায়গার অভাবের অজুহাত দেখাচ্ছে বলে অভিযোগ। যার ফলে ফ্লাইওভারের নীচের অংশ, জাতীয় সড়কের ধার থেকে চা বাগানের আশপাশ যেন অঘোষিত ডাম্পিং গ্রাউন্ডের রূপ নিয়েছে।

বাসিন্দাদের অভিযোগ, নিয়মিত সাফাই করা হয় না নালা। বাগডোগরার দুই গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে বর্জ্য ১৫ কিলোমিটার দূরে নকশালবাড়ি হুদুভিটার সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট ইউনিটে নিয়ে যাওয়ার কথা থাকলেও আজ পর্যন্ত সেটা হয়নি। কারণ, হুদুভিটার ইউনিটটি বন্ধ থাকছে বছরের অধিকাংশ সময়।

বিহার মোড়ে পানীয় জল পরিষেবা এবং শৌচাগার না থাকায় অসন্তোষের সুর শোনা গিয়েছে ব্যবসায়ীদের গলায়। এখানে

**বাগডোগরায় ক্ষোভ চরমে**



*পথের হাল শোচনীয়। লোয়ার বাগডোগরার দক্ষিণ রূপসিংজোতে।*

কম্পিউটারের দোকান সুব্রত বর্ধনের। বলছিলেন, 'বিহার মোড় ব্যস্ত এলাকা। বিভিন্ন জায়গা থেকে মানুষ যাওয়া-আসা করেন। বাস এসে দাঁড়ায়। অনেকে পানীয় জলের খোঁজখবর করেন। শৌচকর্মের জন্য জায়গা খোঁজেন। সেই ব্যবস্থাটুকুও পঞ্চায়েত গত ২০ বছরে করতে পারেনি।'

ওই এলাকায় বামফ্রন্টের আমলে একটি মার্ক টু টিউবওয়েল বসানো হয়। স্থানীয়দের দাবি, সেটা থেকে লাল জল বের হচ্ছে এখন। এলাকাবাসী ওমপ্রকাশ মল্লিকের কথায়, 'এসজেডিএ'র উদ্যোগে ১৯ বছর আগে একটি পাবলিক টয়লেট তৈরি করা হয়। সেটার অবস্থা শোচনীয়। পানীয় জলের ব্যবস্থা পর্যন্ত নেই। জনপ্রতিনিধিদের এই নিয়ে কোনও হেলদোল নেই।'

লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতে এক বছরের বেশি সময় ধরে প্রধান নেই। বীথি দাস তালুকদার চাকরি পাওয়ায় পদ ছেড়েছেন। উপপ্রধান বিশ্বজিৎ ঘোষ আপাতত প্রধান পদের দায়িত্বভার সামলাচ্ছেন। লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ রূপসিংজোত থেকে নির্বাচিত বীথি। ওই এলাকায় রাস্তাঘাট, নালা সাফাই, আবর্জনা পরিষ্কার, পথবাতি নিয়ে বিস্তর অভিযোগ বাসিন্দাদের। তাঁদের দাবি, প্রধান পদে দায়িত্ব নেওয়ার পরই চাকরি পেয়ে যান বীথি। তারপর আর তাঁর দেখা মেলেনি।

স্থানীয় জ্যোতি বক্সীর কথায়, 'পাঁচ বছরের বেশি সময় ধরে আমাদের এলাকার রাস্তাঘাট খারাপ। প্রধান থাকাকালীন বীথি দাস তালুকদারকে একাধিকবার বলেছি। এখন যাঁরা দায়িত্বে, তাঁদেরকেও বলা হয়েছে। কেউ কিছু করছেন না।' একই মন্তব্য গগেন্দ্র বর্মনের।

এপ্রসঙ্গে লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েতের ভারপ্রাপ্ত প্রধান বিশ্বজিৎ ঘোষের প্রতিক্রিয়া, 'আমি গত নয় মাস ধরে প্রধান পদের দায়িত্বে রয়েছি। আর কয়েকদিনের মধ্যে নতুন প্রধান মনোনীত হবেন। বাগডোগরা বিহার মোড়ে পানীয় জল, সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, শৌচাগার করা যায়নি স্থানের অভাবে। জায়গা না থাকায় সব কাজ আটকে। সম্প্রতি ট্রাফিক পুলিশের সহযোগিতায় একটি পানীয় জলের প্রোজেক্ট বসানো হচ্ছে। দক্ষিণ রূপসিংজোতে আমি যাবতীয় উন্নয়নমূলক কাজের দেখাশোনা করি। সেখানে ভালো কাজ হচ্ছে।'

# লাইনচ্যুত মালগাড়ি

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** ফের লাইনচ্যুত ট্রেন। রবিবার রাতে নিউ জলপাইগুড়ি স্টেশন এলাকায় একটি মালগাড়ি লাইনচ্যুত হয়েছে। রেল সূত্রের খবর, গুডস ইয়ার্ডে থাকা ৪৯ নম্বর লাইনে মালগাড়িটির একটি ওয়াগন লাইনচ্যুত হয় এদিন। তবে কিছুক্ষণের মধ্যেই তা লাইনে তুলে দেওয়া হয়েছে। ঘটনায় ট্রেন চলাচলে কোনও প্রভাব পড়েনি বলে দাবি উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জলকিশোর শর্মার।

# যোগ শিবির

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** আয়ুষমন্ত্রকের পরিচালনায় এবং সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন যোগা অ্যান্ড নেচারোপ্যাথি-র তত্ত্বাবধানে আয়োজিত যোগ শিবির রবিবার শেষ হল। খাপরাইলে সশস্ত্র সীমা বল (এসএসবি)-এর কার্যালয়ে ২১ অক্টোবর এই শিবির শুরু হয়েছিল। এদিন সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমান্ডান্ট মিতুল কুমার, সহকারী কমান্ডান্ট ওমপ্রকাশ সিংহ এবং ডাঃ অমিশা গরবা। অবসাদ দূর করার পাশাপাশি শারীরিক সুস্থতার জন্য যোগ কতটা কার্যকর, তা বক্তব্যে তুলে ধরেন তাঁরা।

# সমীক্ষা

**চোপড়া, ২৭ অক্টোবর :** রবিবার ছুটির দিনেও চোপড়া ব্লকজুড়ে আবাস যোজনার সমীক্ষা হয়েছে। চোপড়ার বিডিও সমীর মণ্ডল জানান, সমীক্ষার জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। তাই তৎপরতার সঙ্গে কাজ চলছে।

# ভূমিপুজো

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** হরি ওম ঘাট ছটপুজো সেবা সমিতির ভূমিপুজো অনুষ্ঠিত হল রবিবার বিকালে। উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট ৫ নম্বর ওয়ার্ড কাউন্সিলার অনীতা মাহাতো। সেবা সমিতির সদস্য মহেশ সাহানি জানান, ছটপুজোর জন্য সুন্দর করে পুরো ঘাট সাজানো হবে।

**জেলার খেলা**

## আজ নামবে শিলিগুড়ি

**জলপাইগুড়ি, ২৭ অক্টোবর :** প্রতিকূল আবহাওয়ার জন্য সিউড়িতে আন্তঃজেলা টি২০ ক্রিকেট প্রতিযোগিতা পিছিয়ে দেওয়া হল। জেলা ক্রীড়া সংস্থার সচিব ভোলা মণ্ডল জানিয়েছেন, সিউড়ির মাঠে রবিবার জলপাইগুড়ি ও শিলিগুড়ির ম্যাচ ছিল। আবহাওয়া প্রতিকূল থাকায় ম্যাচটি পিছিয়ে সোমবার দেওয়া হয়েছে।

## জিতল শ্রীগুরু

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** দার্জিলিং জেলা মহিলা ক্রীড়া সংস্থার ব্যবস্থাপনায় রবীন্দ্রনগর বালিকা বিদ্যালয়ের মাঠে আয়োজিত হল মেয়েদের কাবাডি প্রতিযোগিতা। যেখানে আয়োজকদের কাবাডি প্রশিক্ষণ শিবিরকে ৫০-৭৭ পয়েন্টে শ্রীগুরু বিদ্যামন্দির হারিয়েছে।

# পুলিশ হেপাজত

**মাটিগাড়া, ২৭ অক্টোবর :** শনিবার রাতে মাটিগাড়ার তুম্বাজোতের জোড়া ব্রিজ সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে মাটিগাড়া থানার সাদা পোশাকের পুলিশ ও স্পেশাল অপারেশন গ্রুপ (এসওজি) ৫১৪ গ্রাম ব্রাউন সুগার সহ তিনজনকে গ্রেপ্তার করেছিল। ধৃতদের রবিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে সাতদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন বিচারক।

# শব্দবাজির বিরুদ্ধে নিঃশব্দ শোভাযাত্রা শিলিগুড়িতে

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** হাসমি চক হয়ে হিলকার্ট রোড ধরে এগিয়ে চলেছে নিঃশব্দ শোভাযাত্রা। অনেকের হাতে রয়েছে প্ল্যাকার্ড। কারও প্ল্যাকার্ডে আঁকা কুকুরছানা। তার দিকে ধেয়ে আসছে নিষিদ্ধ শব্দবাজি। ভয়ে সেই কুকুরছানা তাকিয়ে রয়েছে শব্দবাজির দিকে। ওপরে লেখা 'সেভ আস'। আর একটি প্ল্যাকার্ডে দেখা গেল, 'স্মোক ফ্রি- পলিউশন ফ্রি'।

রবিবার ডিজে ও নিষিদ্ধ শব্দবাজির বিরুদ্ধে সচেতনতা বাড়াতে পথে নামল হিমালয়ান নেচার অ্যান্ড অ্যাডভেঞ্চার ফাইন্ডেশন (ন্যাফ) এবং ইন্ডিয়ান মেডিকেল অ্যাসোসিয়েশনের শিলিগুড়ি শাখা। শোভাযাত্রার মূল বার্তা ছিল 'গ্রিন দীপাবলি'।

> ১১০ ডেসিবেলের ওপরের শব্দ কানের ভীষণ ক্ষতি করে। এরকম চলতে থাকলে এমন একটা পর্যায় আসবে, যখন মানুষ কানে কম শুনবে।
>
> **সুপদ মল্লিক,** *চিকিৎসক*

দুর্গাপুজোকে কেন্দ্র করে ডিজের 'তাণ্ডব' সয়েছেন শহরবাসী। সামনেই কালীপুজো। এমতাবস্থায় শহরজুড়ে যেভাবে শব্দবাজি বিক্রি হচ্ছে, তাতে রীতিমতো আশঙ্কায় সচেতন শহরবাসী। এই পরিস্থিতিতে সাধারণ মানুষের পাশাপাশি প্রশাসনকে সচেতন করতে এদিন শোভাযাত্রা করা হয়।

কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামের সুইমিং পুলের কাছ থেকে শুরু হয় শোভাযাত্রা। পাখিদের ওপর নিষিদ্ধ শব্দবাজির প্রভাব কতটা, সেই বিষয়টি প্ল্যাকার্ডে লিখে তা গলায় ঝুলিয়ে শোভাযাত্রার একেবারে সামনে হাতে হাত ধরে এগিয়ে চলেছে বছর এগারোর এণাক্ষী দে এবং পাঁচ বছরের ঐন্দ্রিলা তালুকদার। ঐন্দ্রিলা বলল, 'বাজিতে অনেক আওয়াজ হয়। ওটার জন্যই সে রাস্তায় নেমেছে।'

মিছিলে এদিন পা মিলিয়েছিলেন সুপদ মল্লিক, অনির্বাণ রায়ের মতো চিকিৎসকরা। সুপদ বলছিলেন, '১১০ ডেসিবেলের ওপরের শব্দ কানের ভীষণ ক্ষতি করে। এরকম চলতে থাকলে এমন একটা পর্যায় এসে দাঁড়াবে, যখন মানুষ কানে কম শুনবে।'

শরীরে কোভিড পরবর্তী কোনও উপসর্গ থাকলে নিষিদ্ধ শব্দবাজি আরও ক্ষতি করে। শোভাযাত্রায় হাঁটতে হাঁটতে বলছিলেন চিকিৎসক অনির্বাণ রায়। তাঁর কথায়, 'আমি নিজে একজন কোভিড-পরবর্তী ফুসফুস ইস্যুতে আক্রান্ত। নিষিদ্ধ শব্দবাজি আমাদের সকলের পক্ষে অত্যন্ত ক্ষতিকর। আমাদের সকলকে একে অপরের পাশে দাঁড়াতে হবে।'

শুধু একে অপরের পাশে থাকা নয়, প্রশাসনকেও এব্যাপারে এগিয়ে আসতে হবে। বলছিলেন ন্যাফের কোঅর্ডিনেটর অনিমেষ বসু। তাঁর কথায়, 'শিলিগুড়ি শহরে আইন মানা হয় না। কিছুদিন আগে দুর্গাপুজোয় আমরা ডিজের দাপট দেখেছি। সামনে কালীপুজো, ছটপুজো রয়েছে। শব্দ-যন্ত্রণার নিকৃষ্ট জায়গা হয়ে দাঁড়িয়েছে শিলিগুড়ি। এব্যাপারে আমাদের সবাইকে এগিয়ে আসতে হবে।'




*সচেতনতামূলক শোভাযাত্রায় শামিল খুদেরাও। হিলকার্ট রোডে রবিবার।*

# যানজটে নাজেহাল সাধারণ মানুষ

## পুরসভা-পুলিশ দায় ঠেলাঠেলি

অরুণ ঝা

**ইসলামপুর, ২৭ অক্টোবর :** ইসলামপুর শহরে বাড়তে থাকা ভিড় ও যানজটে নাভিশ্বাস উঠছে সাধারণ মানুষের। অভিযোগ, ট্রাফিক নিয়ন্ত্রণে পর্যাপ্ত পুলিশের ব্যবস্থা না থাকায় এই পরিস্থিতি তৈরি হচ্ছে। যানজট নিয়ে ইসলামপুর পুরসভাও দায়িত্ব ঝেড়ে ফেলে ট্রাফিক পুলিশের ঘাড়ে দায় চাপিয়েছে। পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়ালের বক্তব্য, 'শহরের ভিড়, যানজট ও পার্কিং দেখার দায়িত্ব ট্রাফিক পুলিশের।' তাছাড়া শহরের মাঝখান দিয়ে যাওয়া রাজ্য সড়কে হাতেগোনা কয়েকটি ট্রাফিক পয়েন্ট ছাড়া ভিড় নিয়ন্ত্রণের কোনও ব্যবস্থা নেই।

এই নিয়ে পুলিশকর্তারা সরাসরি কোনও মন্তব্য করতে না চাইলেও তাঁদের যুক্তি, অপর্যাপ্ত লোকবল দিয়েও ট্রাফিক নিয়ন্ত্রণের চেষ্টা করা হচ্ছে। সমস্ত দায় আমাদের ঘাড়ে চাপালে আদৌ সমস্যা মিটবে না। স্থায়ী পার্কিং জোন থেকে শুরু করে টোটো নিয়ন্ত্রণে পুরসভাকেও এগিয়ে আসতে হবে।

ডিএসপি (ট্রাফিক) উদয় তামাং অপর্যাপ্ত ট্রাফিক পয়েন্টের কথা স্বীকার করে নিয়ে বলেন, 'কর্মীসংকট বড় কারণ। কিন্তু নির্দিষ্ট পার্কিং জোন গড়ার দায়িত্ব তো আমাদের নয়। শহরের ভিতরের গুরুত্বপূর্ণ এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণে নজরদারি বাড়িয়ে দেব।'

নিত্য সমস্যা নিয়ে সাধারণ মানুষের প্রশ্ন, মহকুমার সদর শহরের ট্রাফিক ব্যবস্থা নিয়ে আজও মাস্টারপ্ল্যান গড়ে তোলা গেল না কেন? নেতাজিপল্লির বাসিন্দা সুস্মিতা দত্ত বলেন, 'অবিলম্বে শহরের গুরুত্বপূর্ণ এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা হওয়া প্রয়োজন। নাহলে ভোগান্তি আরও বাড়বে।' স্থানীয় ব্যবসায়ী অমিত সাহার কথায়, 'রাস্তার উপর গাড়ি পার্কিং ছাড়া ক্রেতাদের দোকানে ঢোকার উপায় নেই। এর সঙ্গে ব্যবসায়ীদের জীবিকার প্রশ্ন জড়িত। আশাকরি কর্তৃপক্ষ পদক্ষেপ করবে।'

ইসলামপুর লাগোয়া বিহারের কিশনগঞ্জ জেলার প্রচুর মানুষ চিকিৎসা এবং ব্যবসায়িক কারণে ইসলামপুরে যাতায়াত করেন। ফলে দিন-দিন ভিড় বাড়ছে। কিন্তু তাৎপর্যপূর্ণ বিষয় হল, পুর টার্মিনাস, পিডব্লিউডি মোড়, চৌরঙ্গি মোড়, পুরোনো বাসস্ট্যান্ড, আশ্রমপাড়া মোড় রাজ্য সড়কের এই কয়েকটি স্থানেই ট্রাফিক নিয়ন্ত্রণ করা হয়। এর বাইরে শহরের গুরুত্বপূর্ণ বাজার, নিউটাউন রোড সহ বিস্তীর্ণ এলাকায় ভিড় ও যানবাহন সামাল দেওয়ার কেউ থাকে না। শহরের ভিআইপি রাস্তা বলে পরিচিত নিউটাউন রোড অবৈধ দখল ও অবৈধ পার্কিংয়ের আঁতুড়ে পরিণত হয়েছে। একইভাবে বিহারে সংযোগকারী শীতলপুর রোডে অবৈধ পার্কিংয়ের জেরে সাধারণ মানুষ ভোগান্তির শিকার হচ্ছেন। এছাড়াও ৭ ও ১০ নম্বর ওয়ার্ড নিয়ে বাজার এলাকা। সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার বাজারে হাট বসে। কিন্তু বাজার এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা কার্যত লাটে।

# শারদ সম্মানে প্রথম দাদাভাই স্পোর্টিং ক্লাব

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** বাঘা যতীন পার্কে রবিবার শিলিগুড়ি পুরনিগমের বিজয়া সম্মিলনি অনুষ্ঠিত হল। পাশাপাশি এবছরের শারদ সম্মান তুলে দেওয়া হল বিভিন্ন দুর্গাপুজো কমিটিগুলিকে। অনুষ্ঠানের সূচনা করেন শিলিগুড়ি পুরনিগমের মেয়র গৌতম দেব। উপস্থিত ছিলেন ডেপুটি মেয়র রঞ্জন সরকার, চেয়ারম্যান প্রতুল চক্রবর্তী সহ পুরনিগমের মেয়র পারিষদরা। শিলিগুড়ির পাঁচটি ক্লাবকে শারদ সম্মান তুলে দেওয়া হয়। শারদ সম্মানে প্রথম স্থান অধিকার করা দাদাভাই স্পোর্টিং ক্লাবকে ৩৫ হাজার টাকা, দ্বিতীয় স্থানে থাকা ভারতনগর তরুণ তীর্থ ক্লাবকে ২৫ হাজার, তৃতীয় স্থানে থাকা শিলিগুড়ি রবীন্দ্র সংঘকে ২০ হাজার, চতুর্থ হওয়া সেন্ট্রাল কলোনি দুর্গাপুজো কমিটিকে ১৫ হাজার ও পঞ্চম শিলিগুড়ি সংঘশ্রীকে ১০ হাজার টাকার আর্থিক পুরস্কার ও স্মারক দেওয়া হয়।

কার্নিভালে অংশগ্রহণ করা ১২টি পুজো কমিটির মধ্যে থেকে তিনটি ক্লাবকে সেরা হিসাবে বেছে নিয়ে আর্থিক পুরস্কার ও স্মারক দেওয়া হয়। প্রথম হওয়া সেন্ট্রাল কলোনি দুর্গাপুজো কমিটিকে ৭৫ হাজার টাকা, দ্বিতীয় স্থানে থাকা বাবু সিং স্পোর্টিং ক্লাবকে ৬০ হাজার ও তৃতীয় স্থানে শিলিগুড়ি সুব্রত সংঘকে ৫০ হাজার টাকার আর্থিক পুরস্কার ও স্মারক দেওয়া হয়। কার্নিভালে অংশ নেওয়া বাকি ৯টি ক্লাবকে ১৫ হাজার টাকা করে আর্থিক পুরস্কার দেওয়া হয়। এছাড়াও, গত বছরের ছটপুজো আয়োজনে সেরা পাঁচটি কমিটিকে আর্থিক পুরস্কার দেওয়া হয়। প্রথম ১ নম্বর সন্তোষী ঘাটকে ২৫ হাজার টাকা, দ্বিতীয় নিউ প্রকাশনগর ছটপুজো সেবা সমিতিকে ১৫ হাজার, তৃতীয় পার্বতী ছটঘাটকে ১০ হাজার, চতুর্থ ২ নম্বর গঙ্গানগর ছটঘাটকে ৭ হাজার ও পঞ্চম লালমোহন মৌলিক নিরঞ্জন ছটপুজো সমিতিকে ৫ হাজার টাকার আর্থিক পুরস্কার দেওয়া হয়।



*পুরনিগমের বিজয়া সম্মিলনিতে মেয়র গৌতম দেব। রবিবার। ছবি : সূত্রধর*

# শিবলিঙ্গের আদলে মণ্ডপ

**শিলিগুড়ি, ২৭ অক্টোবর :** হাতেগোনা আর ক'দিন পরেই কালীপুজো। ইতিমধ্যেই শহরের বিভিন্ন রাস্তা আলোর মালায় সেজে উঠছে। এবছরের কালীপুজোতে ৩৫ ফুটের শিবলিঙ্গের আদলে মণ্ডপ তৈরি করছে শিলিগুড়ি রেগুলেটেড মার্কেট কালীপুজো কমিটি। এবছর এই পুজো ৩৯তম বর্ষে পদার্পণ করছে।

পুজো কমিটির সম্পাদক দেবাশিস ধর বলেন, 'মণ্ডপে ঢোকার মুখেই নজরে পড়বে ১৫ ফুটের শিবের মূর্তি। ভেতরে থাকবে ১৫ ফুটের কালী প্রতিমা।' এই পুজোর মণ্ডপ তৈরি করছেন প্রফুল্ল রায়।



একদিকে যখন বিশালাকার মণ্ডপ ও প্রতিমা তৈরি হচ্ছে, তখন মাটির পুতুল দিয়ে মণ্ডপ সাজাচ্ছে নিউ টেনিস ক্লাব। ৫৭তম বর্ষে এই ক্লাবের থিম 'পট পুতুলের খেলাঘর।' ক্লাব সভাপতি পিন্টু ঘোষের কথায়, 'নবদ্বীপের শিল্পী নিয়ে এসে আমরা মাটির পুতুল দিয়ে মণ্ডপসজ্জা করছি। একসময় ছোটবেলায় খেলার সম্বল মাটির পুতুলের ঐতিহ্যই মণ্ডপে তুলে ধরা হচ্ছে।' নবদ্বীপের শিল্পী জগন্নাথ দেবনাথের হাত ধরে তৈরি হচ্ছে মণ্ডপ।






